

বারবার কেন বসুন্ধরায় আগুন লাগে: আনিসুল হক

বাংলা ট্রিবিউন রিপোর্ট

১১ আগস্ট ২০১৬, ১৪:৪২

ঘটনাস্থলে মেয়র আনিসুল হক

রাজধানীর পান্থপথের বসুন্ধরা সিটি শপিং মলে আগুন লাগার পর ঘটনাস্থল পরিদর্শন করেন উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। এসময় তিনি বলেন, ‘বারবার কেন বসুন্ধরায় আগুন লাগে তা খতিয়ে দেখা হবে। সিটি করপোরেশনের ইঞ্জিনিয়ারিং টিম নিয়ে এসেছি। ফায়ার সার্ভিস চাইলে সহযোগিতা নিতে পারো।’

তিনি আরও বলেন, ‘হেলিকপ্টার প্রস্তুত রাখা হয়েছে, প্রয়োজন হলে ব্যবহার করা হবে।’

রবিবার বেলা ১১টা ২৩ মিনিটে মার্কেটটিতে অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়। অগ্নিকাণ্ডের পরপর ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে গেছে পুরো শপিং মল। মার্কেটের বাইরেও ধোঁয়া ছেয়ে গেছে। মার্কেটের ভেতরে প্রবেশের চেষ্টা করছে ফায়ার সার্ভিসের কর্মীরা। ফায়ার সার্ভিসের ১৫টি ইউনিট আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করছে।